সমানই হইবে; তেমনই শ্রীহরিভক্তি যে জাতিতে যে বর্ণেতেই থাকুন না কেন, ভক্তিদৃষ্টিতে সকলেরই সমান আদর পূজা করিতে হইবে। জাতি বা বর্ণদৃষ্টিতে আদর বা পূজার ন্যূনাধিক্য ঘটিতে পারে না। পদ্মপুরাণের উত্তরখণ্ডে যাহা উক্ত হইয়াছে, তাহাতেও দেখা যায়—"শ্বপাকমিব নেক্ষেত লোকে বিপ্রমবৈষ্ণবম্। বৈষ্ণবো বর্ণবাহ্যোঽপি পুনাতি ভুবনত্রয়ম্॥ ন শূদ্রা ভগবদ্ভক্তা স্তে তু ভাগবতা নরাঃ। সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দনে॥" অর্থাৎ ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করিয়া যদি বিষ্ণুভক্ত না হয়, তাহাকে অতি হীনজাতি শ্বপাকের মতও দেখিবে না, আর সর্ব্ব জাতি বর্ণের বহির্ভূত হইয়াও যদি বিষ্ণুভক্তিপরায়ণ হন, তাহা হইলে তিনি ভক্তিবলে ত্রিভুবন পবিত্র করতে সমর্থ। যাঁহারা ভগবানের ঐকান্তিক ভক্ত, তাঁহারা শূদ্র নহেন অর্থাৎ সমস্ত জাতি বর্ণের অতীত। যেহেতু জাতি ও বর্ণ মায়িক গুণময়, শ্রীভগবদ্‌ভক্তি নির্গুণা। যাঁহাদিগেতে সেই নির্গুণা ভক্তি আবির্ভূতা হইয়াছেন, তাঁহাদিগকে গুণময় জাতি বর্ণের অন্তর্ভূত মনে করা ঘোরতর অপরাধজনক। এই অভিপ্রায়েই মূল শ্লোকে বলিলেন—"তে ভাগবতা নরাঃ"; সেই সকল মানুষ ভাগবত-সংজ্ঞায় অভিহিত, অর্থাৎ তাঁহারা মায়ার মানুষ নহেন কিন্তু শ্রীভগবানের নিজজন। শ্রীভগবান্ যেমন গুণাতীত, তেমনই সেই সকল ভাগবতগণও গুণাতীত সচ্চিদানন্দ-স্বরূপ। তাঁহাদিগের দর্শনে স্পর্শনে ও সম্ভাষণে ত্রিভুবনবাসী জীবমাত্রের হৃদয়ে শ্রীভগবৎস্মৃতির উদ্বোধন হইয়া থাকে। সর্ব্ববর্ণ মধ্যে তাহারাই শূদ্র, যাহারা শ্রীভগবানে ভক্তিহীন জীবন পোষণ করে। ইতিহাসসমুচ্চয়েও দেখা যায়—"স্মৃতঃ সম্ভাষিতো বাপি পূজিতো বা দ্বিজোত্তম। পুনাতি ভগবদ্ভক্তশ্চাণ্ডালোঽপি যদৃচ্ছয়া"; চণ্ডাল জাতিতে উৎপন্ন হইয়াও যদি শ্রীভগবানে ভক্তিমান হয়, তাহা হইলে সেই চণ্ডাল ভক্তকেও স্মরণ করিলে, তাহার সহিত সম্ভাষণ করিলে কিংবা তাহাকে পূজা করিলে হে দ্বিজোত্তম। তাহার ফলে হৃদয়ে হরিস্মৃতি উদ্বোধন করাইয়া জীবন পবিত্র করে। যদি হীনকুলে জন্ম হইয়াছে বলিয়া বৈষ্ণবের প্রতি জাতিবুদ্ধিতে অবজ্ঞা করা হয়, তাহা হইলে ইতিহাসসমুচ্চয় নামক গ্রন্থে বহু দোষের কথা শুনা যায়। "শূদ্রং বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা। বীক্ষতে জাতিসামান্যাৎ স যাতি নরকং ধ্রুবম্॥" যে জন সাধারণ জাতিদৃষ্টিতে শূদ্র, ব্যাধ কিংবা শ্বপচজাতিতে সমুৎপন্ন ভগবদ্‌ভক্তকে হীনজাতি বুদ্ধি করে, তাহা হইলে সেই জন নরকে যাইবে তাহাতে কোনই সংশয় নাই। যে স্থানে ভক্তির বৈশিষ্ট্য দেখা যাইবে—সেস্থানে কিন্তু সম্মানেরও বৈশিষ্ট্য দেখিতে